

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২১০

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة ) পরিচ্ছেদঃ ৮৩. বীর্যরস (মযী) সম্পর্কে

باب فِي الْمَذْي

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، \_ يَعْنِي ابْنَ إِبْرَاهِيمَ \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، حَدَّثَنِي سَعِيدُ بْنُ عُبَيْدِ بْنِ السَّبَّاقِ، عَنْ أَبِيهِ، عَنْ سَهْلِ بْنِ حُنَيْفٍ، قَالَ كُنْتُ أَلْقَى مِنَ الْمَذْيِ شَعِيدُ بْنُ عُبَيْدِ بْنِ السَّبَّاقِ، عَنْ أَبِيهِ، عَنْ سَهْلِ بْنِ حُنَيْفٍ، قَالَ كُنْتُ أَلْقَى مِنَ الْمَذْيِ شَيِدَةً وَكُنْتُ أَكْتِرُ مِنْهُ الْإِغْتِسَالَ فَسَأَلْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ الْوُضُوءُ ". قُلْتُ يَا رَسُولَ اللهِ فَكَيْفَ بِمَا يُصِيبُ ثَوْبِي ذَلِكَ الْوُضُوءُ ". قُلْتُ يَا رَسُولَ اللهِ فَكَيْفَ بِمَا يُصِيبُ ثَوْبِي مِنْ ذَلِكَ الْوُضُوءُ ". قُلْتُ يَا رَسُولَ اللهِ فَكَيْفَ بِمَا يُصِيبُ ثَوْبِي مِنْ قَالَ " يَكْفِيكَ بِأَنْ تَأْخُذَ كَفًّا مِنْ مَاءٍ فَتَنْضَحَ بِهَا مِنْ ثَوْبِكَ حَيْثُ ثُرَى أَنَّهُ أَصَابَهُ ".

\_ حسن

#### বাংলা

২১০। সাহল ইবনু হুনায়িফ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার অত্যধিক বীর্যরস নির্গত হতো। ফলে অধিকাংশ সময় আমি গোসল করতাম। অবশেষে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ বিষয়ে জিজ্ঞাসা করলাম। তিনি বললেনঃ বীর্যরস নির্গত হলে অযু করাই যথেষ্ট। আমি বললাম, হে আল্লাহর রসূল! কাপড়ে বীর্যরস লেগে গেলে করণীয়? তিনি বললেনঃ এক অঞ্জলি পানি নিয়ে কাপড়ের যে স্থানে মযী লেগেছে বলে মনে হবে, এ স্থান হালকাভাবে ধুয়ে ফেললেই যথেষ্ট হবে।[1]

হাসান।

## **English**

Narrated Sahl ibn Hunayf:

I felt greatly distressed by the frequent flowing of prostatic fluid. For this



reason I used to take a bath very often. I asked the apostle of Allah (ﷺ) about this. He replied: Ablution will be sufficient for you because of this. I asked: Messenger of Allah, what should I do if it smears my clothes. He replied: It is sufficient if you take a handful of water and sprinkle it on your clothe when you find it has smeared it.

### ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কাপড়ে ময়ী লাগলে, হাঃ ১১৫, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ময়ী বের হলে উযু করা, হাঃ ৫০৬), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ময়ী সম্পর্কে, হাঃ ৭২৩), আহমাদ (৩/৪৮৫), ইববু খুয়াইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ২৯১), আবদ ইবনু হুমাইদ (৪৬৮), সকলেই মুহাম্মাদ ইবনু ইসহাক সূত্রে।

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। মযী নির্গত হলে গোসল ওয়াজিব নয়, উযু করা ওয়াজিব। তবে বীর্য বের হলে গোসল করা ওয়াজিব।
- ২। লজ্জাস্থান ধুয়ে মযী দূর করলেই মযীর অপবিত্র দূর হয়ে যায়, যেমনটি নাবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম নির্দেশ দিয়েছেন।
- ৩। স্ত্রীর পিতা অর্থাৎ শৃশুরের উপস্থিতিতে যৌন সংশ্লিষ্ট বিষয় উল্লেখ না করা মুস্তাহাব (পছন্দনীয়)।
- ৪। একজনের সংবাদ (খবরে ওয়াহিদ) গ্রহণযোগ্য।
- ৫। কাপড়ে মযী লেগে থাকলে তাতে পানি ছিটিয়ে দিলেই যথেষ্ট।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সাহল ইবন হুনাইফ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন